চুয়াডাঙ্গায় টগর এমপির বাড়িসহ বিভিন্ন প্রতিষ্ঠান ভাংচুর, অগ্নিসংযোগ ও জনতার উল্লাস

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদায় বিজয়ের আনন্দ আনন্দ উল্লাসে মেতে ওঠে বিভিন্ন স্থানে মিষ্টি বিতরণ এমপি সহ আওয়ামী লীগের নেতাকর্মী বাড়ি ভাঙচুরের খবর পাওয়া গেছে। গতকাল সোমবার দুপুর ৩ টার পর থেকে এই ঘটনা ঘটে।

দামুড়হুদা উপজেলায় সাধারণ শিক্ষার্থী জনসাধারণের রাস্তায় নেমে এসে বিজয়ের আনন্দ আনন্দ উল্লাসে মেতে ওঠে বিভিন্ন স্থানে মিষ্টি বিতরণ করেছে। আনন্দ মিছিল শেষে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের আহবায়ক আবিদ হাসান রিফাত, যুগ্ন আহবায়ক সাদ্দাম সাকিব নেতৃত্বে শিক্ষার্থীরা দর্শনা সরকারি কলেজ শহীদ মিনারে জাতীয় সংগীত পরিবেশন করে। এই ছাত্র আন্দোলনের শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে এক মিনিট নীরবতা ও শোক পালন করেছে শিক্ষার্থীরা। এদিকে বিক্ষুপ্ত জনতারা চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য আলী আজগার টগরের বাস ভবন সহ আওয়ামীলীগ, যুবলীগ, ছাত্রলীগের বিভিন্ন নেতাকর্মীদের বাড়ি ভাঙচুরের ঘটনা ঘটেছে।

চুয়াডাঙ্গা ২ আসনের এমপি আলী আজগার টগরের বাড়িতে বিক্ষুব্ধ জনতা ভাংচুর ও অগ্নি সংযোগ করেছে। ঘটনার বিবরনে জানাযায়, বৈষম্য বিরোধী সাধারণ ছাত্র/ছাত্রী সমাজের উদ্যোগে সরকার পদত্যাগের ১ দফা দাবি পৃরন হবার সাথে সাথে ঢাকা গনভবন দখল করে নেয় ছাত্র ছাত্রীরা এরপর মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাছিনা পদত্যাগ করে দেশ ছেড়ে চলে যাওয়ার সাথে সাথে সারা বাংলাদেশের ন্যায় বিক্ষুব্ধ জনতা চুয়াডাঙ্গা আসনের এমপি আলী আজগার টগরের দর্শনাস্থ আকাশ টাওয়ারের মার্কেট ও আলীসান বাড়িতে আগুন ধরিয়ে পুড়িয়ে দেয়। আগুনের লেলিহান শিখা দাউ দাউ করে জ্বলতে থাকলে দর্শনা বাসির মধ্যে আতকং ছড়িয়ে পড়ে।

সরজমিনে দেখা যায়, জনগনের যে একদফা দাবি পৃরন হবার সাথে ও প্রধানমন্ত্রী দেশ ছেড়ে পালাবার পরপরই দর্শনাসহ আশপাশ এলকায় মিষ্টি বিতরন করতে দেখা যায়। অপরদিকে, দামুড়হুদা উপজেলা আওয়ামী যুবলীগের সহ সম্পাদক, আব্দুল মান্নানের সিঙ্গার শো রুম